

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩৫

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ অভাবী ব্যক্তির কাছে যা কিছু আছে, সেখান থেকে কিছু দান করা অন্যতম শ্রেষ্ঠ সাদাকাহ

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مِنْ أَفْضَلِ الصَّدَقَةِ إِخْرَاجَ المُقِلِّ بَعْضَ مَا عِنْدَهُ

আরবী

3335 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِد بْنِ مَوْهَبٍ حَدَّثَنِي اللَّيْثُ بْنُ سَعْدِ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ يَحْيَى بْنِ جَعْدَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ قَالَ: يارسول اللَّهِ أَيُّ الصَّدَقَةِ أَفْضَلُ؟ قَالَ: (جُهْدُ المُقِلِّ وابدأ بمن تعول) الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3335 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 3335 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود))

বাংলা

৩৩৩৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কোন সাদাকাহ উত্তম?" তিনি জবাবে বলেন, "অল্প সম্পদের অধিকারী ব্যক্তির কষ্টার্জিত সম্পদ সাদাকাহ করা। আর তুমি তোমার পরিবারের লোকদের দিয়ে শুরু করবে।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ১৬৭৭; মুসনাদ আহমাদ: ২/৩৫৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৪৪; হাকিম: ১/৪১৪; সুনান বাইহাকী: ১/৪৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ:১৪৭২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন